দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 MAY 1995 ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ৫ ...

137

ঢাকা বিশ্ববিদ্যালয়

# মাষ্টার্সে আসন ২০৭৬ প্রার্থী ২৮ হাজার

**আনোয়ার আল দীন** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৩-'৯৪ শিক্ষাবর্ষে মাষ্টার্স প্রিলিমিনারী শ্রেণীর ২ হাজার ৭৬টি আসনে ভর্তির জন্য প্রায় ২৮ হাজার আবেদনপত্র জমা পড়িয়াছে। গতকাল (বৃহস্পতিবার) ছিল আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন। গত বছরের তুলনায় এবার প্রায়

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

দ্বিগুণ আবেদন জমা পড়িয়াছে। এবার একটি আসনে ভর্তির জন্য গড়ে ১২ জন ছাত্র-ছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করিতেছে। ১৯৯১, '৯২ ও '৯৩ সালে ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণ এবং '৯৪ সালে ঢাকা ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে অথচ ফলাফল এখনও প্রকাশিত হয় নাই এমন ছাত্র-ছাত্রীদের শর্তাধীনে এই পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হইয়াছে। ফলে আবেদনপত্রের সংখ্যা বেশী।

বিশ্ববিদ্যালয়ের ৪২টি বিভাগের মধ্যে ৩৬টি বিভাগে নির্দিষ্ট সংখ্যক আসনে প্রিলিমিনারীতে ভর্তি করা হয়। চলতি শিক্ষাবর্ষে আসন সংখ্যা শতকরা ১০ ভাগ হ্রাসের জন্য কর্তৃপক্ষ প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

কলা অনুষদের ২১টি বিভাগের মধ্যে সর্বোচ্চ আবেদনপত্র জমা পড়িয়াছে সমাজ কল্যাণ বিভাগে। এই বিভাগের নির্ধারিত ৪৫টি আসনের জন্য দুই সহস্রাধিক আবেদনপত্র জমা পড়িয়াছে। বাণিজ্য অনুষদের ৪টি বিভাগের মধ্যে ব্যবস্থাপনার ১১৩টি আসনেও সর্বোচ্চ দুই সহস্রাধিক আবেদন পড়িয়াছে। বিজ্ঞান অনুষদের ১০টি বিভাগের প্রায় প্রতিটিতে আসন সংখ্যার তুলনায় কয়েকগুণ বেশী আবেদনপত্র জমা পড়িয়াছে। তবে মৃত্তিকা বিজ্ঞান বিভাগের ৩৬টি আসনে মাত্র ৩১টি আবেদনপত্র জমা পড়িয়াছে। বিভিন্ন বিষয়ের আসন সংখ্যা হইতেছে: বাংলা ১০৮, ইংরেজী ১০৮, ভাষাতত্ত্ব ৪৫, সংস্কৃতি ২৭, পালি-৯, আরবী ৪৫, উর্দু-৫, ফার্সি-৫, ইসলামী শিক্ষা-৯৯, ইতিহাস ১১৭, ইসলামের ইতিহাস-৯০, দর্শন-৯০, নাট্যকলা-৬০, সংগীত-১০, গণযোগাযোগ ও সাংবাদিকতা-৫৪, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান-৪০, অর্থনীতি-৪০, রাষ্ট্র বিজ্ঞান-১৪০, সমাজ বিজ্ঞান-১০৮, সমাজকল্যাণ-৪৫, আন্তর্জাতিক সম্পর্ক-৩৬, পদার্থ বিজ্ঞান-৩৬, রসায়ন-২৩, প্রাণ রসায়ন-৯; ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি ২৭। গণিত-৪৫, পরিসংখ্যান-২৭, ভূগোল-৪৫, উদ্ভিদ বিজ্ঞান-৪৫, প্রাণি বিদ্যা-৩৬, মনোবিজ্ঞান-৫০, মৃত্তিকা বিজ্ঞান ৩৬, হিসাব বিজ্ঞান-১১৩, ব্যবস্থাপনা-১১৩, মার্কেটিং ১১৩ ও ফিন্যান্স এণ্ড ব্যাংকিং ১১৩। কর্তৃপক্ষ ভর্তি পরীক্ষার তারিখ শীঘ্রই ঘোষণা করিবে।